অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঠিক করতে সার্বিক পরিকল্পনা ঘোষণা করলেন

রূপান্তরকারী পরিকল্পনা ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার ধারণক্ষমতা 1,000 শয্যা বৃদ্ধি করবে এবং মানসিক অসুস্থতাসহ ব্যক্তিদের সেবায় 3,500 আবাসন ইউনিট যোগ করবে

গভর্নর মানসিক স্বাস্থ্য অ্যাডমিশন ও ডিসচার্জের ক্ষেত্রে নিয়মানুগ দায়বদ্ধতার আহ্বান করলেন; আউটপেশেন্ট সেবা ও বীমার আওতায় নাটকীয় সম্প্রসারণ

গভর্নর ক্যাথি হোকল আজকে 2023 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজানোর এবং পুরো স্টেটজুড়ে মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ হচ্ছে না এমন ব্যক্তির সংখ্যা নাটকীয়ভাবে কমিয়ে আনার একটি সার্বিক পরিকল্পনা ঘোষণা করলেন। একাধিক বছরের পরিকল্পনাটিতে রয়েছে ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার কার্যকর ধারণক্ষমতা 1,000 শয্যা বৃদ্ধি করা, মানসিক অসুস্থতাসহ নিউ ইয়র্কবাসীদের সেবায় 3,500 আবাসন ইউনিট তৈরি করা, মানসিক স্বাস্থ্য সেবার জন্য বীমার আওতা বৃদ্ধি করা, আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারণ করা, এবং মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের চাহিদা আরো ভালোভাবে পূরণের জন্য হাসপাতালে অ্যাডমিশন ও ডিসচার্জের ক্ষেত্রে নিয়মানুগ দায়বদ্ধতা তৈরি করা। সময়ের সাথে এই প্রস্তাবনাগুলি মানসিক স্বাস্থ্য খাতে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগের প্রতিফলন করবে।

"নিউ ইয়র্কবাসীদের সুস্থতা রক্ষা করার জন্য আমাদের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা জোরদার করা অত্যাবশ্যকীয় এবং এটি অনেক দিন আগেই হওয়া উচিত ছিলো," **গভর্নর হোকল বলেন।** "আমরা দীর্ঘদিন ধরে মানসিক স্বাস্থ্য সেবায় প্রয়োজনের কম বিনিয়োগ করেছি, এবং পরিস্থিতিকে এতো সংকটময় হতে দিয়েছি যে এটি একটি জননিরাপত্তা সঙ্কটে পরিণত হয়েছে। প্রস্তাবটি একটি যুগান্তকারী পরিবর্তনকে চিহ্নিত করবে যা কেউ যাতে শূন্যস্থানের কারণে বাদ না পড়ে এবং সকল নিউ ইয়র্কবাসীর মানসিক স্বাস্থ্য চাহিদা সম্পূর্ণরূপে পূরণ করা নিশ্চিত করবে।"

গভর্নর হোকল বিনিয়োগ ও পলিসি পরিবর্তনের একটি সার্বিক প্যাকেজ দ্বারা মানসিক স্বাস্থ্যের ব্যাপারে স্টেটের পন্থার পুনর্বিন্যাস করবেন যার উদ্দেশ্য হবে প্রতিরোধ থেকে শুরু করে

নিরাময়ের জন্য চিকিৎসা পর্যন্ত মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতার সকল অংশকে রূপান্তরিত করা। এর মধ্যে রয়েছে:

- **ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার কার্যকর ধারণক্ষমতা 1,000 শয্যা বৃদ্ধি করা:** কোভিড-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময়, স্টেট হাসপাতালগুলিকে কার্যকরী সিদ্ধান্ত গ্রহণের অনুমতি দিয়েছিলো, যার ফলে ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যা বিদ্যমান রাখার কার্যকরী সনদ থাকার পরেও সেগুলি অফলাইন হয়ে গেছে। গভর্নর হোকলের পরিকল্পনা আর্টিক্যাল 28 কমিউনিটি হাসপাতালগুলিকে অবিলম্বে বর্তমানে অফলাইন থাকা 850 ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যাকে অনলাইন করার নির্দেশ দিবে। আর্টিক্যাল 28 কমিউনিটি হাসপাতালগুলি যদি তাদের কার্যকরী সনদে উল্লিখিত মনস্তাত্ত্বিক শয্যা সংখ্যা বহাল রাখতে ব্যর্থ হয় তাহলে নতুন বিধিমালাটি স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে (Office of Mental Health) প্রতিদিনের লঙ্ঘনের জন্য সেই হাসপাতালকে 2,000 মার্কিন ডলার জরিমানা করার অনুমতি দেয়। এছাড়াও স্টেট স্টেট পরিচালিত মনস্তাত্ত্বিক হাসপাতালগুলিতে 150 নতুন প্রাপ্তবয়স্কদের শয্যা যোগ করবে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটিতেই 100টি থাকবে, যা গত নভেম্বরে গভর্নরের ঘোষিত 50 শয্যার সাথে সংযোজিত হবে।
- **মানসিক অসুস্থতাসহ ব্যক্তিদের জন্য 3,500 নতুন আবাসন ইউনিট তৈরি:** গভর্নর হোকল একটি বিশাল ক্যাপিটাল বিনিয়োগ করবেন এবং মানসিক অসুস্থতাসহ নিউ ইয়র্কবাসীর জন্য 3,500 নতুন আবাসিক ইউনিট তৈরির জন্য প্রয়োজনীয় কার্যকরী তহবিল প্রদান করবেন। বিশেষ করে, এই পরিকল্পনাটি যার আহ্বান করে:
    - 500টি সম্প্রদায়ের আবাসিক-একক কক্ষের থাকার ইউনিট যা মারাত্মক মানসিক অসুস্থতাসহ এবং গৃহহীনতার সর্বোচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের আবাসন ও নিবিড় সেবা প্রদান করবে।
        - 900টি ক্রান্তিকালীন স্টেপডাউন ইউনিট যা ব্যক্তিদের বিভিন্ন পর্যায়ের চিকিৎসা থেকে সম্প্রদায়ভিত্তিক জীবনযাপনে যেতে সাহায্য করবে।
            - 600টি লাইসেন্স করা অ্যাপার্টমেন্ট ইউনিট যা সম্প্রদায়ে বাস করার জন্য মাধ্যমিক পর্যায়ের সেবার প্রয়োজন থাকা ব্যক্তিদের সেবাদান করবে।
                - মারাত্মক মানসিক অসুস্থতাসহ ব্যক্তিদের জন্য 1,500টি সমর্থক আবাসন, যা দ্রুত খুলে দেওয়া যাবে এমন বিভিন্ন সাইটে ছড়িয়ে থাকা ভাড়ার ইউনিট ও আগামী পাঁচ বছর ধরে সম্পূর্ণ হতে যাওয়া নতুন নির্মিত বা সংস্কারকৃত ফ্যাসিলিটির মধ্যে ভাগ হবে।

<u>অ্যাডমিশন ও ডিসচার্জ পরিকল্পনা উন্নত করা এবং নিয়মানুগ দায়বদ্ধতা স্থাপন করা</u>

- গভর্নর হোকল অ্যাডমিশন ও ডিসচার্জের জন্য নিয়মানুগ দায়বদ্ধতা তৈরি করতে পলিসি পরিবর্তন ও বিনিয়োগের একটি সম্মিলন প্রস্তাব করছেন, যার মধ্যে থাকবে হাসপাতালগুলির জন্য দায়িত্বশীলভাবে চিকিৎসার প্রয়োজন থাকা রোগীদের ভর্তি করানো আবশ্যিক করা, এবং মূল্যায়নের জন্য নতুন সার্বিক আদর্শ থাকবে ও নতুন

প্রটোকল কার্যকরভাবে ব্যবহার করা নিশ্চিত করতে স্টেট পর্যায়ে তত্ত্বাবধান বৃদ্ধি করা হবে; জরুরি বিভাগ ও ইনপেশেন্ট সেবাদানকারীরা উচ্চ ঝুঁকিগ্রস্ত, উচ্চ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের তাৎক্ষণিকভাবে উপলভ্য র‍্যাপঅ্যারাউন্ড সেবায় ডিসচার্জ করবে; এবং আউটপেশেন্ট কর্মসূচিগুলি ডিসচার্জ প্রক্রিয়ার সময় উচ্চ ঝুঁকিগ্রস্ত ব্যক্তিদের তাৎক্ষণিক ও চলমান অ্যাপয়েন্টমেন্ট প্রদান করবে। এছাড়াও পরিকল্পনাটি 50টি নতুন সঙ্কটকালীন সময়ে হস্তক্ষেপ (Critical Time Intervention) দল গঠনের আহ্বান করে যারা ডিসচার্জ হওয়া রোগীদের আবাসন থেকে শুরু করে চাকরি সমর্থন পর্যন্ত র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করবে।

- **আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারণ করা:** গভর্নর হোকলের পরিকল্পনা ব্যাপক পরিব্যাপ্তির আউটপেশেন্ট সেবা উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণ করবে যাতে মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ বিস্তৃত করা যায়, অপেক্ষার সময় হ্রাস হয়, এবং যথাযথ মাত্রার সেবা নিশ্চিত করা যায়। বিশেষ করে, এই পরিকল্পনায় যা যোগ করা অন্তর্ভুক্ত আছে:

    - 12টি সার্বিক মনস্তাত্ত্বিক জরুরি কর্মসূচি, যা পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে হাসপাতাল-পর্যায়ের সঙ্কটকালীন সেবা প্রদান করবে।
    - 42টি অ্যাসার্টিভ কমিউনিটি চিকিৎসা (Assertive Community Treatment) দল যারা সবথেকে ঝুঁকিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে অস্থাবর, উচ্চ তীব্রতার সেবাদান করবে, যার 22টি নতুন দল থাকবে নিউ ইয়র্ক সিটিতে এবং 20টি স্টেটের বাকি অংশে।
    - 26টি প্রত্যয়িত সম্প্রদায়ের আচরণগত স্বাস্থ্য ক্লিনিক (Certified Community Behavioral Health Clinics) যারা ওয়াক-ইন, তাৎক্ষণিক, সমন্বিত আচরণগত স্বাস্থ্য সেবা প্রদান করবে, সকল বয়স ও বীমা দশার নিউ ইয়র্কবাসীদের জন্য মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহার ব্যাধি উভয়ের চিকিৎসা প্রদান করবে, যা ব্যক্তির আর্থিক সামর্থ্য নির্বিশেষে অ্যাক্সেস পাওয়ার জন্য একটি অভাবী চিকিৎসা তহবিল দ্বারা সমর্থন করা হবে। এটি নিউ ইয়র্ক স্টেটের প্রত্যয়িত সম্প্রদায়ের আচরণগত স্বাস্থ্য ক্লিনিকের সংখ্যা তিনগুণ করে 13 থেকে 39 করবে, যা আনুমানিক 200,000 নিউ ইয়র্কবাসীকে সেবাদান করবে।
    - আটটি নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support) দল যারা মানসিক অসুস্থতা ও মাদক ব্যবহার ব্যাধিসহ গৃহহীন জনগোষ্ঠীর জন্য আউটরিচ ও সংযোগ প্রদান করবে, যার পাঁচটি নতুন দল থাকবে নিউ ইয়র্ক সিটিতে এবং তিনটি স্টেটের বাকি অংশে। এটি গত বছরের স্টেট অফ দ্য স্টেটে গভর্নর হোকলের উপস্থাপিত, বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে কার্যকর থাকা নিরাপদ বিকল্প সমর্থন দলের উপর ভিত্তি করে গঠিত হবে।
    - 20টি সম্প্রসারিত ধারণক্ষমতার আর্টিক্যাল 31 মানসিক স্বাস্থ্য ক্লিনিক যারা সর্বাপেক্ষা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের সেবাদান করবে, যারা প্রায়শই স্টেটজুড়ে সম্প্রদায়গুলির জন্য একটি ফ্রন্ট-ডোর মানসিক স্বাস্থ্য সেবা হিসেবে কাজ করে।
    - হেলথ হোম প্লাস (Health Home Plus) সেবা ব্যবস্থাপনা যা মানসিক অসুস্থতাসহ ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সেবা পাওয়ার সুযোগ পেতে সহায়তা দান করবে,

মারাত্মক মানসিক অসুস্থতাসহ মানুষকে সেবাদানের জন্য কয়েক ডজন নতুন সেবা ব্যবস্থাপককে নিয়োগ প্রদান করবে।

- **মানসিক স্বাস্থ্যসেবার জন্য বীমার আওতা সম্প্রসারণ করা:** পরিকল্পনাটি মানসিক স্বাস্থ্য সেবার জন্য বীমার আওতায় অতি গুরুত্বপূর্ণ শূন্যস্থান পূরণ করে দিবে। এর মধ্যে রয়েছে, প্রাপ্তবয়স্ক ও শিশু উভয়ের ক্ষেত্রে মেডিকেল সংক্রান্ত কারণে প্রয়োজনীয়, উচ্চ চাহিদার, তীব্র ও সংকটপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবার অ্যাক্সেস প্রদান করতে অস্বীকার করা বীমা কোম্পানিগুলির জন্য নিষিদ্ধ করা, হাসপাতাল বা জরুরি বিভাগ ত্যাগ করার পর ব্যক্তিদের সুস্থতা ও সাফল্য উন্নত করার জন্য মানসিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে বাণিজ্যিক ও মেডিকেইড আওতা বৃদ্ধি করা। এছাড়াও পরিকল্পনাটি আচরণগত স্বাস্থ্য সেবার জন্য অ্যাপয়েন্টমেন্ট উপলভ্যতা ও ভৌগলিক অ্যাক্সেসিবিলিটি আদর্শ নির্ধারণ করবে যা নিউ ইয়র্কবাসীদের জন্য নেটওয়ার্কের অন্তর্ভুক্ত সেবাদানকারীদের থেকে চিকিৎসা পাওয়ার সুযোগ নিশ্চিত করবে এবং সশরীরে বা টেলিহেলথের মাধ্যমে প্রদত্ত আচরণগত স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ নিশ্চিত করবে।

স্কুলের বয়সী শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারণ

- গভর্নর হোকল স্কুল ভিত্তিক স্যাটেলাইট ক্লিনিকের জন্য এবং স্কুল ভিত্তিক র‍্যাপঅ্যারাউন্ড সেবা বৃদ্ধির জন্য মেডিকেইড পেমেন্ট হার বৃদ্ধি করে স্কুলগুলিতে মানসিক স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করার প্রস্তাব দিয়েছেন, যাতে এই অতি গুরুত্বপূর্ণ সেবাখাতে আরো বিকাশের প্রণোদনা প্রদান করা যায়। পাশাপাশি, গভর্নর একটি বিধিমালা উপস্থাপন করবেন যা বাণিজ্যিক বীমা প্রদানকারীদের জন্য অধিক মূল্য পরিশোধকারী মেডিকেইড হারের সমান পর্যায়ে স্কুল ভিত্তিক সেবার মূল্য পরিশোধ করা আবশ্যিক করবে, যাতে সকল শিশুর জন্য সময়মতো সেবা পাওয়ার সুযোগ নিশ্চিত করা যায়। এছাড়াও পরিকল্পনাটি নতুন ও সম্প্রসারিত স্কুল সেবা দ্রুত কার্যকর করার জন্য প্রয়োজনীয় স্টার্টআপ তহবিল প্রদান করতে একটি বার্ষিক বিনিয়োগের রূপরেখা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418